গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের মার্চ ২০২০ এর মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান |
| তারিখ | : | ১৫/০৩/২০২০ |
| সময় | : | বিকাল ০৩.৩০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে অত্র বিভাগের প্রতিটি অনুবিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। তিনি উপসচিব, (অগ্নি শাখা-১)-কে সভার কার্যপত্র অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ জানান। উপসচিব (অগ্নি শাখা-১) জানান, মন্ত্রিপরিষদ বিভাগের দিক নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের প্রতিবেদন প্রদানের জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয়েছে। এ ছাড়াও, যে সমস্ত কার্যক্রম বাস্তবায়নে এখনো ধীরগতি পরিলক্ষিত হচ্ছে সে বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ এবং অন্যান্য সকল কর্মসম্পাদন সূচকের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে কালক্ষেপণ না করার জন্য বিগত সভার সিদ্ধান্ত : ৩, ৪, ৫, ৬ এবং ৭ অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদান করা হয়েছে। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

১৩/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। ২০১৯-২০২০ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত মন্ত্রণালয়ের প্রতিনিধি কর্তৃক মাঠ পর্যায়ের নিম্নবর্ণিত কার্যক্রম মনিটরিং ও মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে গত ১৩/০২/২০২০ তারিখ পত্র প্রদান করা হয়। এ বিষয়ে নিম্নবর্ণিত সূচকসমূহের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিস্তারিত আলোচনা হয়:

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | |
|---|---|---|---|
| | | অর্জিত | অবশিষ্ট |
| (১) | কারাগারসমূহে পরিচালিত মাদক বিরোধী সচেতনতামূলক কার্যক্রম মূল্যায়ন | ২১ টি | ১৯ টি |
| (২) | শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদক বিরোধী কমিটির কার্যক্রম মূল্যায়ন | ৩১ টি | ৬৯ টি |
| (৩) | বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন | ৩০ টি | ২০ টি |
| (৪) | সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মূল্যায়ন | ০২ টি | ০২ টি |
| (৫) | মাদক বিরোধী অস্থায়ী চেকপোস্টের কার্যক্রম মূল্যায়ন | ০৭ টি | ০৫ টি |
| (৬) | বহুতল ভবনে পরিচালিত অগ্নিনির্বাপণী মহড়া পরিদর্শন | ১৯ টি | ১১ টি |
| (৭) | বস্তি এলাকায় পরিচালিত মহড়া পরিদর্শন | ১৭ টি | ১৩ টি |
| (৮) | বিভাগীয়/আঞ্চলিক অফিসের পাসপোর্ট ইস্যু কার্যক্রম পরিদর্শন | ১৩ টি | ১৭ টি |
| (৯) | কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে প্রদানকৃত প্যারালিগ্যাল সার্ভিস কার্যক্রম মূল্যায়ন; | ১৭ টি | ১১ টি |
| (১০) | লিগ্যাল এইড কমিটিকে প্রদানকৃত আইনি সহায়তা বিষয়ক কার্যক্রম মূল্যায়ন | ১৭টি কারাগার | ২৩টি কারাগার |
| (১১) | কারাবন্দিদেরকে বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণ মূল্যায়ন | ১৭টি কারাগার | ০৬টি কারাগার |

সিদ্ধান্ত : উপরোক্ত সূচকসমূহের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পুনরায় পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। <u>মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন সংক্রান্ত</u> :

'অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা ২০১৯' প্রণয়নের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণের জন্য খসড়া 'অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা ২০১৯' মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অত্র বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত খসড়া বিধিমালা যাচাই-বাছাইয়ের জন্য আগামী ২৫/০৩/২০২০ তারিখে এক আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে মর্মে মাদক-১ শাখা থেকে জানানো হয়।

সিদ্ধান্ত : খসড়া বিধিমালা যাচাই-বাছাই অন্তে সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক দ্রুত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। <u>'অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪' সংশোধন সংক্রান্ত</u> :

"অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধিকরণ" কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য 'অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪' সংশোধনের প্রস্তাব আইন ও বিচার বিভাগে প্রেরণের জন্য খসড়া বিধিমালা অত্র বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে উক্ত খসড়া বিধিমালার বিষয়ে দিক-নির্দেশনা প্রদানপূর্বক অধিদপ্তরে প্রেরণ করা হয়।

সিদ্ধান্ত : প্রদত্ত দিক-নির্দেশনা অনুসরণপূর্বক পুনরায় 'অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪' সংশোধনের প্রস্তাব আইন ও বিচার বিভাগে প্রেরণের নিমিত্ত দ্রুত অত্র বিভাগে প্রেরণ করার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে জানানো হয়।

০৬। <u>আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সংক্রান্ত</u> :

২০১৯-২০২০ অর্থবছরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ শতভাগ অর্জন এবং প্রতিবেদন প্রদানের নিমিত্ত ইতোমধ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ/শাখাসমূহে পত্র প্রদান করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট শাখার বর্ণিত কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ৩১/৩/২০২০ তারিখের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
১৫/০৩/২০২০
প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ১২

তারিখ : ০১ চৈত্র ১৪২৬ / ১৫ মার্চ ২০২০

<u>বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)</u>:

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব ........................................... উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।

১৫/৩/২০২০
(জাহিদুল ইসলাম)
উপসচিব (অগ্নি শাখা-১)